৬ অক্টোবর, ২০২৫

# নর্থ সাউথে কুরআন অবমাননা: গবি শিক্ষার্থীদের তীব্র প্রতিবাদ ও শাস্তির দাবি




সংগৃহীত ছবি

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষার্থীর কুরআন অবমাননার ঘটনায় গণ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা অবস্থান কর্মসূচি পালন করেছে। তারা ঘটনার সুষ্ঠু তদন্ত ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছে।

গণ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (গকসু) এবং সাধারণ শিক্ষার্থীরা রবিবার (৫ অক্টোবর) একাডেমিক ভবনের সামনে অবস্থান কর্মসূচি করেছেন। তারা ঘটনার সুষ্ঠু তদন্ত এবং দায়ীদের সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করার দাবি জানিয়েছেন।

ফার্মেসি বিভাগের শিক্ষার্থী অনিক তরফদার বলেন, “সব ধর্মের মানুষ একসাথে বসবাস করি। আমাদের উচিত সব ধর্মের প্রতি সম্মান দেখানো। যে ঘটনা ঘটেছে তা নিন্দনীয়। আমরা চাই সর্বোচ্চ বিচার হোক।”

গকসুর সহ-সভাপতি ইয়াছিন আল মৃদূল দেওয়ান মন্তব্য করেন, “এটি শুধু মুসলিমদের ধর্মীয় অনুভূতিতে আঘাত নয়, দেশের শান্তি ও সামাজিক সম্প্রীতিও বিপন্ন করার চেষ্টা। দ্রুত সুষ্ঠু তদন্ত নিশ্চিত করতে হবে এবং সম্ভাব্য সন্ত্রাসী যোগসূত্র যাচাই করতে হবে।”

গকসুর কোষাধ্যক্ষ খন্দকার আব্দুর রহিম বলেন, “দেশে এমন ঘটনা নতুন নয়। আগে সুষ্ঠু তদন্ত না হওয়ায় বিচার হয়নি। এবার কুরআন অবমাননাকারীর সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করতে হবে।”

শিক্ষার্থীরা বলেন, ভবিষ্যতে কেউ যেন এ ধরনের কর্মকাণ্ডে জড়াতে না পারে, তার জন্য আইন অনুযায়ী ধর্ম অবমাননার শাস্তি আরও কঠোর করার দাবি তারা জানাচ্ছেন।

LENS ASIA